



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর- ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০৩২.২০-১১০

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৭
১৪ ফেব্রুয়ারি ২০২১

প্রজ্ঞাপন

যেহেতু চট্টগ্রাম জেলার রাউজান উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফৌজিয়া খানম 'উপজেলা পরিষদের পরিকল্পনা ও সেবা প্রদান' সম্পর্কিত মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারী জনপ্রতিনিধি ও বিভিন্ন সরকারি কর্মকর্তাগণকে অকথ্য ভাষায় গালমন্দ, অশালীন ও কুবুচিপূর্ণ মন্তব্যসহ গুণ্ডিত্যপূর্ণ অসদাচরণ করেছেন; এবং


যেহেতু উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(গ) ধারা লংঘিত হয়েছে;

সেহেতু সরকার জনস্বার্থে তাকে তার স্থায় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, চট্টগ্রাম জেলার রাউজান উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফৌজিয়া খানম কর্তৃক সরকারি কর্মকর্তা ও জনপ্রতিনিধির সাথে অসংগত আচরণ করার বিষয়টি বিভাগীয় কমিশনারের তদন্তে প্রমাণিত হওয়ায় উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) ধারা এবং উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ-শূন্যতা) বিধিমালা, ২০১৬ মোতাবেক তাকে স্থায় পদ হতে অপসারণ করে পদটি শূন্য ঘোষণা করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


২৪/০২/২০২১
(মোহাম্মদ সামিউল হক)
উপসচিব


ফোন: ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

নম্বর- ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০৩২.২০-১১০

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৭
১৪ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ৬। উপপরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
- ৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাউজান, চট্টগ্রাম।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, রাউজান, চট্টগ্রাম।
- ১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাউজান, চট্টগ্রাম।
- ১২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।
- ১৩। জনাব ফৌজিয়া খানম, ভাইস চেয়ারম্যান (অপসারণকৃত), উপজেলা পরিষদ, রাউজান, চট্টগ্রাম।
- ১৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


২৪/০২/২০২১
(মোহাম্মদ সামিউল হক)
উপসচিব